

সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৯৩

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ উম্মতে মুহাম্মাদির ফযিলত

আরবী

93- عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو بْنِ الْعَاصِ - رَضِيَ اللَّهُ عَنْهُمَا - أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَلَا قَوْلَ اللَّهِ - عَزَّ وَجَلَّ - فِي إِبْرَاهِيمَ: ﴿رَبِّ إِنَّهُنَّ أَضْلَلْنَا كَثِيرًا مِّنَ النَّاسِ ۖ فَمَنْ تَبِعَنِي فَإِنَّهُ مِنِّي ۖ﴾ الْآيَةَ، وَقَالَ عِيسَى عَلَيْهِ السَّلَامُ: ﴿إِنْ تُعَذِّبُواهُمْ ۖ فَإِنَّهُمْ عِبَادُكَ ۖ وَإِنْ تَغْفِرُوا لَهُمْ ۖ لَهُمْ ۖ فَإِنَّكَ أَنْتَ الْغَفُورُ الْحَكِيمُ ۙ﴾ ۱۱۸، فَرَفَعَ يَدَيْهِ وَقَالَ: «اللَّهُمَّ أُمَّتِي أُمَّتِي» وَيَكِّي، فَقَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ: «يَا جِبْرِيلُ اذْهَبْ إِلَى مُحَمَّدٍ - وَرِيكَ أَعْلَمُ - فَسَلِّهِ مَا يُبْكِيكَ، فَأَتَاهُ جِبْرِيلُ عَلَيْهِ السَّلَامُ فَسَأَلَهُ فَأَخْبَرَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَا قَالَ: وَهُوَ أَعْلَمُ، فَقَالَ اللَّهُ: يَا جِبْرِيلُ اذْهَبْ إِلَى مُحَمَّدٍ فَقُلْ: إِنَّا سَنَرْضِيكَ فِي أُمَّتِكَ وَلَا نَسُوءُكَ». (م) صحيح

বাংলা

৯৩. আব্দুল্লাহ ইবনু আমর ইবনু আস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইবরাহিম আলাইহিস সালাম সম্পর্কে আল্লাহর এ বাণী তিলাওয়াত করেন:

﴿رَبِّ إِنَّهُنَّ أَضْلَلْنَا كَثِيرًا مِّنَ النَّاسِ ۖ فَمَنْ تَبِعَنِي فَإِنَّهُ مِنِّي ۖ﴾ [ابراهيم: ৩৬]

“হে আমার রব, নিশ্চয় এসব মূর্তি অনেক মানুষকে ঐ পথভ্রষ্ট করেছে, সুতরাং যে আমার অনুসরণ ঐ করেছে, নিশ্চয় সে আমার দলভুক্ত” [১] ঐঈসা আলাইহিস সালাম বলেছেন:

﴿إِنْ تُعَذِّبُواهُمْ ۖ فَإِنَّهُمْ عِبَادُكَ ۖ وَإِنْ تَغْفِرُوا لَهُمْ ۖ لَهُمْ ۖ فَإِنَّكَ أَنْتَ الْغَفُورُ الْحَكِيمُ ۙ﴾ [المائدة: ১১৮]

“যদি আপনি তাদেরকে শাস্তি প্রদান করেন ঐ তবে তারা আপনারই বান্দা, আর তাদেরকে ঐ যদি ক্ষমা করেন, তবে নিশ্চয় আপনি ঐ পরাক্রমশালী, প্রজ্ঞাময়” [২] অতঃপর তিনি হাত উঠিয়ে বলেন: “হে আল্লাহ আমার উম্মত, আমার উম্মত” এবং ক্রন্দন করেন। আল্লাহ তা’আলা বলেন: “হে জিবরিল মুহাম্মদের নিকট যাও, -নিশ্চয় তোমার রব অধিক জ্ঞাত,- তাকে জিজ্ঞাসা কর কি জন্য কাঁদ? জিবরিল আলাইহিস সালাম এসে তাকে জিজ্ঞাসা করেন,

অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামতাকে বললেন: তিনই ভাল জানেন। আল্লাহ তা'আলা বলেন: হে জিবরিল মুহাম্মদের নিকট যাও, তাকে বল: নিশ্চয় আমি তোমার উম্মতের ব্যাপারে তোমাকে সন্তুষ্ট করব, তোমাকে অসন্তুষ্ট করব না”। [মুসলিম] হাদিসটি সহিহ।

ফুটনোট

[1] সূরা ইবরাহিম: (৩৬)

[2] সূরা মায়দা: (১১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21407>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন